# উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটির ৩য় সভার কার্যবিরণী।

সভাপতি ঃ উপজেলা নিবার্হী অফিসার
নকলা, শেরপুর ।

সভার স্থান ঃ উপজেলা নিবার্হী অফিসারের অফিস কক্ষ ।
সভার তারিখ ও সময় ঃ ২৭.১২.২০২৫ খ্রিঃ তারিখ, সকাল ১০.০০ টা ।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট ''ক''।

সভার প্রারম্ভে সভাপতির আসন গ্রহণে সভার কার্যক্রম শুরু করা হয় । উপজেলা নিবার্হী অফিসার নকলা, শেরপুর সভাপতি সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানান। সভাপতি সভার আলোচ্য সূচী মোতাবেক সভা পরিচালনা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, নকলা, শেরপুর কে অনুরোধ করেন ।

উপজেলা কৃষি কর্মকর্তা, নকলা, শেরপুর সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আলোচ্য সূচী মোতাবেক সভার কার্যক্রম শুরু করেন। যেহেতু উক্ত সভা উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটির তৃতীয় সভা, প্রথমেই তিনি সদস্যদের নিজ নিজ পরিচয় প্রদান করে বক্তব্য রাখার জন্য অনুরোধ করেন।

আলোচ্য সূচী মোতাবেক নিম্নে বর্নিত বিষয়ের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | | ০৯ নং চন্দ্রকোনা ইউপি চেয়ারম্যান, প্রথমে নিজের পরিচয় দিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি জানান যে এই উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি মাসে একবার বাজার মনিটরিং করলে, আমি আশাবাদী এই কমিটির কারনে সাধারন মানুষের অনেক উপকার হবে। | | সংশ্লিষ্ট সকল |
| ০২ | | মোঃ নুরে আলম, চেয়ারম্যান, ০৩ নং উরফা ইউপি চেয়ারম্যান, প্রথমে সভায় নিজের পরিচয় প্রদান করেন। প্রথমে তিনি উক্ত কমিটি গঠন করার জন্য এবং এর কার্যক্রম শুরু করার জন্য সভাপতি ও উপজেলা কৃষি কর্মকর্তাকে ধন্যবাদ জানান। তিনি আরও বলেন যে আগামী সময় গুলোতে যেন উক্ত কমিটির মাধ্যমে সাধারণ মানুষের মধ্যে সেবা পৌছে দেওয়া যায়। | | |
| ০৩ | | মোঃ শামছুর রহমান, চেয়ারম্যান, ০১ নং গণপদ্দী ইউপি চেয়ারম্যান, প্রথমে নিজের পরিচয়ের মাধ্যমে বক্তব্য শুরু করেন। তিনি বলেন যে বাজার মূল্য নিয়ন্ত্রণ না করার কারণে কিছু অসাধু ব্যবসায়ী যাচ্ছে তাই মূল্য নিধারণ করছে, ফলে ভোগান্তিতে পড়ছে সাধারণ মানুষ। আমি আশা করব আমরা উক্ত কমিটির মাধ্যমে এই সমস্যা কিছুটা নিরসন করতে পারব। | | |
| ০৪ | | উপজেলা সমবায় কর্মকর্তা, নকলা, শেরপুর উপজেলা সমবায় কর্মকর্তা, নকলা, শেরপুর সভায় জানান যে, বাজার মূল্যের উপর যদি সময়ে সময়ে পর্যবেক্ষণ ও মনিটরিং করা হয় তবে বাজার মূল্য স্থিতিশীল রাখা সম্ভব। আমরা এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিব। | | |

সভাপতির বক্তব্য

উপজেলা নিবার্হী অফিসার নকলা, শেরপুর সভায় জানান যে, যেহেতু এই প্রথম উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি গঠন হয়েছে, সেই সুবাদে উক্ত কমিটির কার্যক্রম স্থগিত থাকবেনা, আমরা সময় মত বাজার মূল্য পর্যবেক্ষণ ও মনিটরিং করব।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

07/12/2020

উপজেলা নিবার্হী অফিসার
নকলা, শেরপুর ।

স্মারক নংঃ-

তারিখঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে ঃ

১। উপ-পরিচালক স্থানীয় সরকার, শেরপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, নকলা, শেরপুর
৩। চেয়ারম্যান........................................................................ ইউ,পি, নকলা, শেরপুর ।
৪। অফিস কপি ।

7.12.20

উপজেলা কৃষি কর্মকর্তা
নকলা,শেরপুর

পরিশিষ্ট-ক

২০২৫-২৬ অর্থ বছরে বাজার মূল্য পর্যবেক্ষণ সম্পর্কিত ৩য় সভায় উপস্থিত উপজেলা কমিটির সদস্যবৃন্দের তালিকা

তারিখ: ০৭.১২.২০২৫ খ্রি:

সময়: ১০.০০ ঘটিকা

| ক্রমিক নং | নাম | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম, উপজেলা নির্বাহী অফিসার, নকলা, শেরপুর। | স্বাক্ষরিত |
| ০২ | চেয়ারম্যান, ১নং গনপদ্দী ইউনিয়ন পরিষদ, নকলা, শেরপুর। | স্বাক্ষরিত |
| ০৩ | চেয়ারম্যান, ৩ নং উরফা ইউনিয়ন পরিষদ, নকলা, শেরপুর। | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, ৯নং চন্দ্রকোনা ইউনিয়ন পরিষদ, নকলা, শেরপুর। | স্বাক্ষরিত |
| ০৫ | উপজেলা কৃষি অফিসার, নকলা, শেরপুর। | স্বাক্ষরিত |